

**আন্তর্জাতিক ক্রেডিট কার্ড :
নাগরিকদের সুবিধাগুলি আরও উদার**

২১শে মে, ২০০৩

আরও উদারনৈতিক করার পদক্ষেপ হিসাবে, যেইসব নাগরিক ব্যক্তি, এখনও বর্তমান বিদেশী বিনিয়োগ নিধির অনুমোদন অনুসারে ভারতবর্ষের কোনও অনুমোদিত ডিলার অথবা ব্যাংকের সঙ্গে ফরেন কারেন্সি একাউন্ট খুলেছেন, তারা এখন বিদেশী ব্যাংক বা যে কোনও সম্মানিত এজেন্সি দ্বারা প্রদত্ত আন্তর্জাতিক ক্রেডিট কার্ড (আই.সি.সি.) নিতে পারেন। ভারতে অথবা বিদেশে এই কার্ড নেবার খরচ ওই ব্যক্তির ফরেন কারেন্সি একাউন্ট-এর মাধ্যমে অথবা কার্ড-এর মালিকের ভারতবর্ষের যেই ব্যাংকে কারেন্ট অথবা সেভিংস একাউন্ট আছে সেই ব্যাংক অর্থ প্রেরণের মাধ্যমে শোধ করবে। এই উদ্দেশ্যে অর্থপ্রেরণ শুধুমাত্র বিদেশের যেই এজেন্সি কার্ড প্রদান করেছে তাদের সরাসরি দিতে হবে, কোনও তৃতীয় পার্টিকে নয়।

এও পরিস্কার করে দেওয়া হয়েছে যে, প্রযোজ্য ক্রেডিট লিমিট কার্ড প্রদানকারী ব্যাংকই স্থির করবে। এই সুবিধা অনুসারে ভারতের রিজার্ভ ব্যাংক অর্থ প্রেরণের, যদি থাকে, কোন সীমারেখা নির্দিষ্ট করেনি।

আরও পরিস্কার করে দেওয়া হয়েছে যে, বর্তমানে প্রযোজ্য, নাগরিকদের কার্ড-এর মাধ্যমে কিছু নিষিদ্ধ বস্তুর ক্রয়ের, যেমন, লটারীর টিকিট, নিষিদ্ধ বা বেআইনি ম্যাগাজিন, সুইপস্টেকস-এ অংশগ্রহণ, কল ব্যাক সার্ভিস-এর অর্থপ্রদান, ইত্যাদির নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

**আলপনা কিল্লাওয়ালা
জেনারেল ম্যানেজার**

প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/1181